



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
Sher-e-Bangla Agricultural University
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭, বাংলাদেশ

স্মারক নং- শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৩২)/২০১৯/৯২৭

তারিখ : ২৬/০৭/২০২১ খ্রিঃ

স্নাতকোত্তর ও পিএইচডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জানুয়ারি-জুন/২০২১ সেমিস্টারে কৃষি অনুষদ, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ ও এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদভুক্ত নিম্নোক্ত বিভাগসমূহে এমএস এবং পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.edu.bd এ পাওয়া যাবে।

০১. এমএস, কৃষি অনুষদ :

যোগ্যতা : শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ : এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেন্সি এন্ড এনভায়রনমেন্টাল সাইন্স, এগ্রোনমী, বায়োকেমিস্ট্রি, বায়োটেকনোলজী, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্রান্ট ব্রিডিং, হার্টিকালচার, প্রান্ট প্যাথলজী এবং সয়েল সাইন্স।

০২. এমএস এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ :

যোগ্যতা : শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি অর্থনীতি (সম্মান)/বিবিএ ইন এগ্রিবিজনেস অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ : কৃষি অর্থনীতি, ডেভেলপমেন্ট এন্ড পোভার্টি স্টাডিজ, কৃষি পরিসংখ্যান, ম্যানেজমেন্ট এন্ড ফিন্যান্স, এগ্রিবিজনেস এন্ড মার্কেটিং।

০৩. এমএস, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ :

যোগ্যতা : শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে B.Sc. Vet. Sci. & A.H. অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ : এনিম্যাল নিউট্রিশন জেনেটিক্স এন্ড ব্রিডিং, এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট (এনিম্যাল সাইন্স), এনাটমি হিস্টোলজি এন্ড ফিজিওলজি, ডেইরী সাইন্স, মেডিসিন এন্ড পাবলিক হেলথ, মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি, প্যাথলজী এবং পোন্ডি বিজ্ঞান।

০৪. পিএইচডি প্রোগ্রাম, কৃষি অনুষদ :

যোগ্যতা :

ক) শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ কৃষি বিজ্ঞানে এমএস/ এমফিল/ এমএসসি ডিগ্রি অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত)

খ) স্নাতকোত্তর পর্যায়ে পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী (কমপক্ষে ৫০% নম্বর) অথবা CGPA ৪.০ এর মধ্যে ৩.০

গ) শিক্ষকতা/গবেষণা/সম্প্রসারণে ২ বৎসর চাকুরীর অভিজ্ঞতা

ঘ) স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর ২টি বৈজ্ঞানিক প্রকাশন্য

অথবা

প্রথম শ্রেণি অথবা CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৫ প্রাপ্ত B.Sc. Ag. (Hons)/ সমমানের ডিগ্রিসহ এমএস পরীক্ষায় CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৯ থাকা প্রার্থীগণ সরাসরি পিএইচডি কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

বিভাগসমূহ : এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেন্সি এন্ড এনভায়রনমেন্টাল সাইন্স, এগ্রোনমী, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্রান্ট ব্রিডিং, হার্টিকালচার, প্রান্ট প্যাথলজী এবং সয়েল সাইন্স।

০৫. অনলাইনে আবেদন করার নিয়ম :


ক) অনলাইনে আগামী ০১/০৮/২০২১ হতে ১৮/০৮/২০২১ তারিখ রাত্রি ১২:০০ ঘটিকার মধ্যে এমএস এবং পিএইচডি প্রোগ্রামের ভর্তি ফরম পূরণ ও জমা দেয়া যাবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমাদানে কোন প্রকার জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

ওয়েব সাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম বিভাগ পছন্দক্রমসহ যথাযথভাবে পূরণ করে Submit করতে হবে। বিভাগ পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। অনলাইনে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

- খ) অনলাইনে আবেদন Submit করার পূর্বে “বিকাশ” মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিকাশ মোবাইল নম্বর ০১৯৭৭২১৩০৮৩ অনুকূলে নির্ধারিত ফি (এমএস প্রোগ্রামের জন্য ৫১০/- টাকা এবং পিএইচডি প্রোগ্রামের জন্য ১০২০/=) জমা প্রদান করতে হবে এবং “বিকাশ” হতে প্রদত্ত Transaction ID, তারিখ ও মোবাইল নম্বর (যে নম্বর হতে টাকা পাঠানো হয়েছে) অনলাইন ফরমের যথাযথ স্থানে উল্লেখপূর্বক আবেদন ফরম পূরণ করতে হবে।
- গ) আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন ছবির সফট কপি (JPG format: ফাইল সাইজ ৫০ কিলোবাইটের মধ্যে) আপলোড করতে হবে।
- ঘ) অগ্রহী বিদেশী প্রার্থীগণ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে (Foreign applicants may apply by using the university website: www.sau.edu.bd)

০৬. ভর্তি সংশ্লিষ্ট তথ্যাবলী :

- ক) নির্বাচিত প্রার্থীদের ভর্তি ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র সংযোজন করতে হবে।
- খ) নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরু পূর্বেই নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/অনুমতিপত্রের কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানের মাধ্যমে ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ অফিসে জমা দিতে হবে।
- গ) চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র এবং বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হতে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তা পত্র ভর্তি ফরমের সাথে সংযোজন করতে হবে। নির্বাচিত প্রার্থীদেরকে এমএস প্রোগ্রামের জন্য গবেষণা ব্যয় হিসেবে এবং পিএইচডি প্রোগ্রামের জন্য বেঞ্চ ফি হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের ক্যাশ শাখায় জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয় হতে কোন গবেষণা ব্যয় বহন করা হবে না।
- ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ফলাফলের তালিকা ২৪-০৮-২০২১ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.edu.bd ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ঙ) নির্বাচিত প্রার্থীদেরকে ২৫/০৮/২০২১ তারিখ হতে ২৬/০৮/২০২১ তারিখের মধ্যে ভর্তির কার্যদি সম্পন্ন করতে হবে।
- চ) ক্লাস শুরু :
এমএস ও পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত বিভাগসমূহের ক্লাস শুরুর তারিখ যথাসময়ে নোটিশের মাধ্যমে জানানো হবে।
- ছ) অসম্পূর্ণ এবং অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন প্রয়োজনে deanpgs2004sau@gmail.com অথবা director.icc@sau.edu.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।


২৬/০৮/২০২১

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়